



## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

প্রশাসনিক ভবন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৮৮৯৮১

তারিখ: ২০/০৬/২০২৩ ইং

### প্রেস বিজ্ঞপ্তি

### গোল্ড মেডেলের জন্য পাবিপ্রবি ভিসি ১০ লাখ টাকার চেক হস্তান্তর করলেন

(২০-৬-২৩): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হাফিজা খাতুন গোল্ড মেডেল চালু হতে যাচ্ছে। আজ মঙ্গলবার এক অনুষ্ঠানে উপাচার্য গোল্ড মেডেল চালুর জন্য বিশ্ববিদ্যালয়কে ১০ লাখ টাকার চেক হস্তান্তর করেন।



পাবিপ্রবিতে উপাচার্যের নামে ড. হাফিজা খাতুন গোল্ড মেডেল চালু করা হলো।

আজ মঙ্গলবার উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন গোল্ড মেডেল ফান্ডের জন্য ১০ লাখ টাকার চেক হস্তান্তর করেন। [ছবি ইমেইল আহমেদ](#)

এ উপলক্ষে এক সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য ড. হাফিজা খাতুন বলেন, আমি শিক্ষার্থীদের উৎসাহিত করার জন্য গোল্ড মেডেল চালু করলাম। এর মাধ্যমে কৃতি শিক্ষার্থীরা উৎসাহিত হবেন বলে আমি বিশ্বাস করি। ২০২৪ সালের সমাবর্তনে মহামান্য রাষ্ট্রপতির মাধ্যমে নির্বাচিত কৃতি শিক্ষার্থীকে গোল্ড মেডেল দেওয়া হবে। এ সময় উপ উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান, রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম, ডিনদের মধ্যে ড. মোঃ খায়রুল আলম, দীলিপ কুমার সরকার, ড. মো: হাবিবুল্লাহ, ড. আমিরুল ইসলাম মির্ঝ, ড. রাহিদুল ইসলাম রাহি, সিনিয়র শিক্ষকদের মধ্যে মীর খালেদ ইকবাল চৌধুরী, ড. আব্দুর রহিম, প্রষ্ঠের ড. মোঃ কামাল হোসেন, কর্মকর্তাদের মধ্যে কামরুল হাসান, জিএম শামসাদ ফখরুল প্রমুখ উপস্থিত ছিলেন।



## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৮৪৯৮১

## পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রসঙ্গত এই নিয়ে ড. হাফিজা খাতুন ১২টি ট্রাস্ট ফাউন্ডেশন করলেন। এর আগে গবেষণা ও শিক্ষার জন্য বিভিন্ন গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠানে ১১টি ট্রাস্ট ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেছেন।

তার পিতামাতার নামে “ফয়জুন্নেসা কবিরুদ্দিন মেমোরিয়াল নামে চারটি ট্রাস্ট ফাউন্ডেশন করেন।

যার মধ্যে একটি গবেষণা পরিচালনার জন্য এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ, স্বর্ণপদকের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগে একটি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে তিনটি “হাফিজা খাতুন গোল্ড মেডেল ট্রাস্ট ফাউন্ডেশন” প্রতিষ্ঠা করেছেন। অনার্সে অসাধারণ ফলাফলের জন্য ভূগোল ও পরিবেশ বিভাগের সাথে একটি এবং খেলাধুলায় অসামান্য পারফরম্যান্সের জন্য দুটি (একজন পুরুষ এবং একজন মহিলা)। গাজীপুরের বড় কয়েড় প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ে দুইটি ট্রাস্ট ফাউন্ডেশন রয়েছে।

গাজীপুরের কাপাসিয়ার চারটি বিদ্যালয়ে “হাফিজা খাতুন ও হয়রত আলী ট্রাস্ট ফাউন্ডেশন” প্রতিষ্ঠা করেছে।

এর বাইরে উপাচার্য মহোদয় মুক্তিযুদ্ধ যাদুঘরে অনুদান প্রদান করেছেন।

তিনি কানাডার মাঠ পর্যায় থেকে ডাইনোসরের ফসিল সংগ্রহ করে তা বাংলাদেশের জাতীয় যাদুঘর এবং বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরে প্রদান করেছেন।

আশ্চর্যমান মফিদুল ইসলামের সদস্য হিসেবে গত ৩০বছর ধরে আর্টমানবতার সেবার করে যাচ্ছেন।

### দুর্নীতি বিরোধী র্যালি

এ দিকে আজ মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি'র উদ্যেগে দুর্নীতির বিরুদ্ধে সচেতনামূলক র্যালি বের হয়। র্যালি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে প্রশাসন ভবনের সামনে শেষ হয়। সেখানে এক সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, দুর্নীতি দেশ ও জাতির ক্ষতি করে। বিভিন্ন ভাবে মানুষ দুর্নীতি করে। সকল রকমের দুর্নীতি বন্ধ করা উচিত। আমরা দুর্নীতিমুক্ত ক্যাম্পাস গড়তে চাই।

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/-

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।